# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২২৪৪

১২/ ব্যবসা-বাণিজ্য (كتاب التجارات)

পরিচ্ছেদঃ ১২/৪৪. গোলাম ফেরতদানের সময়সীমা।

بَاب عُهْدَةِ الرَّقِيقِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ نُمَيْرٍ، حَدَّثَنَا عَبْدَةُ بْنُ سُلَيْمَانَ، عَنْ سَعِيدٍ، عَنْ قَتَادَةَ، عَنِ الْحَسَنِ، إِنْ شَاءَ اللَّهُ عَنْ سَمُرَةَ بْنِ جُنْدُبٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " عُهْدَةُ الرَّقِيقِ ثَلاَثَةُ أَيَّامٍ " .

বাংলা

১/২২৪৪। সামুরা ইবনে জুনদুব (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ গোলাম ফেরত দেওয়ার সময়সীমা তিন দিন।

## English

It was narrated from Samurah bin Jundab that the Messenger of Allah (ﷺ) said:
"The contractual obligation regarding a slave lasts for three days."

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। বায়হাকী ফিস সুনান ৫/২৭৬, ৩৫০৬, আল-হাকিম ফিল মুসতাদরাক ২/২১, যইফ আল-জামি' ৩৮৩২। তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী সাঈদ বিন আবু আরুবাহ সম্পর্কে আবুল ফাতহ আল-আযদী বলেন, তিনি হাদিস বর্ণনায় সংমিশ্রণ করেছেন। আবু বকর আল বাযযার বলেন, তিনি মৃত্যুর পূর্বে হাদিস বর্ণনায় সংমিশ্রণ করেছেন। আবু জা'ফার আল-উকায়লী বলেন, তিনি হাদিস বর্ণনায় সংমিশ্রণ করেন। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় সংমিশ্রণ করার পূর্বে সিকাহ। (তাহযীবুল কামালঃ রাবী নং ২৩২৭, ১১/৫ নং পৃষ্ঠা) উক্ত সানাদের সকল রাবী সিকাহ তবে সাঈদ বিন আবু আরুবাহ'র হাদিস সংমিশ্রণ করার পূর্বেই আবদাহ বিন সুলায়মান তার থেকে হাদিস বর্ণনা করেছেন। তবে এখানে কারণ হিসেবে বলা হয়েছে, সামুরাহ বিন জুনদুব থেকে হাসান বিন আবুল হাসান হাদিসটি শ্রবন করেছেন কিনা

(ইনকিতা করেছেন কিনা) তা নিয়ে মতানৈক্য রয়েছে। (মিসবাহুয বুজাজাহ ফিয যাওয়াইদ ইবনু মাজাহঃ ৭৯৬, ৩/২৯ )

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ সামুরাহ ইবনু জুনদুব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=42859

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন